

- ০১ -

ঢাকা ওয়াসা

সংযুক্তিঃ ১। প্রস্তাবিত ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

সংযুক্তিঃ ২। প্রস্তাবিত ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্তিঃ ৩। ব্যবহৃত মেশিনের ছবি ও পূর্বের রক্ষণাবেক্ষন কাজের চিত্র।

সংযুক্তিঃ ৪। পূর্বানুমোদিত দরের অনুমোদিত কপি।

সংযুক্তিঃ ৫। প্রস্তাবিত প্রাক্কলন।

বিষয়ঃ Repair & Maintenance of gardening equipment under SKWP কাজটির প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। সাভার কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৫ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৫ (পনেরো) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়।

০২। আলোচ্য সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট -এর IRP#1 ও IRP#2 স্থাপনাদ্বয় যথাক্রমে ৯ একর ও ৬ একর অধিগ্রহণকৃত জায়গা জুড়ে বিস্তৃত। এছাড়া ৪৫ টি গভীর নলকূপ স্থাপনাসমূহ প্রায় ১.৭৫ একর অধিগ্রহণকৃত জায়গায় অবস্থিত। যেখানে প্রচুর পরিমাণ ঘাস ও ঝোপ-ঝাড় জন্মায়। যা অত্র বিভাগের ক্রয়কৃত ৪টি ফুয়েক চালিত ঘাস কাটার মেশিন ও ৫টি ফুয়েল চালিত ঝোপঝাড় কাটার মেশিন দিয়ে আউট সোর্স জনবল দিয়ে নিয়মিত কাটা ও পরিষ্কার করা হয়। বর্তমানে উক্ত মেশিন গুলোর ০৭টি বিভিন্ন যান্ত্রিক সমস্যার কারণে নষ্ট হয়ে পড়ে আছে। যার ফলে নিয়মিত ক্লিনিং কার্যক্রম ব্যাহত হচ্ছে। উক্ত মেশিনগুলোর ভিন্ন স্পেয়ার পার্টস পরিবর্তন ও মেরামত করা হলে পুনঃরায় কার্যক্ষম করা যাবে।

০৩। সেপ্রেক্ষিতে জরুরী ভিত্তিতে উক্ত মেশিন গুলোর ভিন্ন স্পেয়ার পার্টস পরিবর্তন ও মেরামতের জন্য পূর্বানুমোদিত দরের (সংযুক্তিঃ ০৪) আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে কাজের প্রাক্কলিত ব্যয় দাঁড়িয়েছে সর্বমোট টাঃ ৪৯,৫০০/- (টাকা ঊনপঞ্চাশ হাজার পাঁচশত) মাত্র (সংযুক্তিঃ ০৫)। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ০৭ এর 'পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৭৬ এর বরাদ্দ থেকে নির্বাহ করা হবে (সংযুক্তিঃ ০২)।


০৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ হত ৩.০ এর বর্ণনার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার "সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট"-এর উক্ত মেশিন গুলোর ভিন্ন স্পেয়ার পার্টস পরিবর্তন ও মেরামতের জন্য Repair & Maintenance of gardening equipment under SKWP শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ


ক) কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর (৭৬) (১) ট ধারায় মেসার্স এফ বি এন্টারপ্রাইজ-এর সাথে সরাসরি চুক্তির মাধ্যমে (DPM) সম্পাদনের জন্য অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত সর্বমোট টাঃ ৪৯,৫০০/- (টাকা ঊনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকা মাত্র টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) আলোচ্য কাজের ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট-এর ২০২৫-২৬ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর 'পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা


মোঃ হোসেন
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা


মোঃ নাজিম ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।


মোঃ নাজিম ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।


মির্জা গোলাম কিবরিয়া
উপসহকারী প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


মোঃ আব্দুস সাদিক
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।